

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
[www.dowarabazar.sunamganj.gov.bd](http://www.dowarabazar.sunamganj.gov.bd)

বিষয়	: কৃষি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ	: ৪ মার্চ, ২০২২ খ্রিঃ।
সময়	: বেলা ১০.৩০ ঘটিকা।
সভার স্থান	: উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভাপতি	: মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা কৃষি অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ উপজেলার অনেক হাওরে ব্লাস্টের কারণে ধান নষ্ট হয়ে হচ্ছে। দ্রুত ব্লাস্ট প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।


উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলায় প্রচুর শাক-সবজি চাষ হয়। শাক-সবজি চাষে জৈব প্রযুক্তি ব্যবহার করে কৃষকগণ অধিক শাক-সবজি উৎপাদন করতে পারবে। তাই জৈব কৃষি প্রযুক্তিতে সবজি উৎপাদন বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ দেয়ার প্রস্তাব করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ অঞ্চলের প্রতি বছরই পাহাড়ী ঢলের সম্ভবনা থাকে। তাই ধান পাকার সাথে সাথে কৃষকগণ যেন দ্রুত ধান কর্তন করে সে বিষয়ে কৃষকগণকে উৎসাহ দিতে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত সমূহ :


১. ব্লাস্ট প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান হয়।
২. পাকা ধান দ্রুত কর্তন করার জন্য কৃষকগণকে উৎসাহ দিতে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়।
৩. জৈব কৃষি প্রযুক্তিতে সবজি উৎপাদন বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ আয়োজনে উপজেলা পরিষদ, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সভাপতি  
কৃষি বিষয়ক কমিটি  
ও  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
তারিখঃ- ০৪/০৩/২০২২ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯- ১৬৭  
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
- অনুলিপি সদয় কার্যার্থে :
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা .....অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, .....ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৬। সংরক্ষণ নথি।

  
উপজেলা কৃষি অফিসার  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।